

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৩২/২০১৫

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ১২/০৫/২০১৫খ্রিঃ

২৯ বৈশাখ, ১৪২২ বাংলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কাস্টম হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৫)৯৩৩৩ কাস, তারিখ ৯/৫/২০১৫ ইং সকল সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হইল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৫)/৯৩৩৩ কাস

তারিখ ৯/৫/২০১৫

প্রেরকঃ- কমিশনার অব কাস্টমস্

কাস্টম হাউস, চট্টগ্রাম।

প্রাপকঃ- সভাপতি/সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন

সিএন্ডএফ টাওয়ার

আখাবাদ বা/এ

চট্টগ্রাম।

বিষয় :- শুল্ক মূল্যায়ন বিধিমালা, ২০০০ অনুযায়ী Value declaration ফরম চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। আপনারা নিশ্চয় অবগত আছেন যে, শুল্ক মূল্যায়ন (আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ), ২০০০ অনুযায়ী আমদানিকারক বা তার মনোনীত প্রতিনিধি কর্তৃক এই বিধিমালার সহিত সংযোজিত পরিশিষ্টে বর্ণিত ফরম অনুযায়ী আমদানিকৃত পণ্যের মূল্য সংক্রান্ত পূর্ণ বিবরণ সম্বলিত ঘোষণা এবং প্রস্তুতকারক বা উৎপাদনকারীর নিকট হতে সংগৃহীত ইনভয়েসসহ অন্য যে কোন বিবৃতি, তথ্য অথবা দলিল যা এই বিধিমালার অধীন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণের জন্য আবশ্যিক বলে সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তা বিবেচনা করবেন মর্মে উল্লেখ করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ আমদানিকারক বা তার মনোনীত প্রতিনিধি কর্তৃক আমদানিকৃত পণ্য চালানোর সাথে শুল্ক মূল্যায়ন বিধিমালা, ২০০০ অনুযায়ী মূল্য ঘোষণা ফরম দাখিল করেননা বিধায় অনেক ক্ষেত্রে পণ্য মূল্য নির্ধারণে জটিলতা সৃষ্টি হয়।

৩। এমতাবস্থায়, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এবং শুল্ক মূল্যায়ন কমিশনারেট, ঢাকার নির্দেশ মোতাবেক আগামী ২০/০৫/২০১৫খ্রিঃ তারিখ হতে নির্ধারিত শুল্ক মূল্যায়ন ফরম দাখিল ব্যতিত কোন বিল অব এন্ট্রি Process না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বিষয়টি আপনার এসোসিয়েশন সংশ্লিষ্ট সকলকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ/-

(মোঃ মেহেবুব হক)

এ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

কমিশনার অব কাস্টমসের পক্ষে

কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৫)/

-কাস

তারিখ ৯/৫/২০১৫

পৃষ্ঠা নং- ৩৫